



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম, web.bise-ctg.gov.bd

কলেজ শাখা

স্মারক নং-চশিবো/ক-শা/ভর্তি নীতিমালা (বিজ্ঞপ্তি)/৪৩১/২০১৬/২৬৫৮ (৩৩০)

তারিখ: ২৯/১০/২০২৫

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র : আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং-২২৭/ক/শিম/২০১২ (কলেজ)/১৫০৯, তারিখ : ২৮/১০/২০২৫


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ০২/১১/২০২৫ তারিখ থেকে ১৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত চলবে। অত্রবোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে কলেজ ভর্তি ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) -এর **College Login** প্যানেলে ক্লিক করে কলেজের User ID (EIIN) ও Password দিয়ে Login করে আগামী ১৬/১১/২০২৫ তারিখ বিকাল ০৫.০০টার মধ্যে রেজিস্ট্রেশনের নিমিত্তে প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) এর সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের ডাটা ইনপুট দেয়ার সময় বিষয় কোড ও ছবির ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে কোন ভুল না হয়। নির্ধারিত সময়ে মধ্যে রেজিস্ট্রেশন (eSIF) সম্পন্ন করে তার সফটকপি ও প্রিন্ট আউটকপি কলেজে সংরক্ষণ করতে হবে এবং শিক্ষাবোর্ডের চাহিদা মোতাবেক এককপি পরবর্তীতে বোর্ডে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন (eSIF) সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর ড. মোহাম্মদ হরওয়ার আলম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।

E-mail : ic@ bise-ctg.gov.bd

প্রাপক-

অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান

অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ/স্কুল এন্ড কলেজ।